গাংনীতে গ্রামীণ খেলা ও পুরুস্কার বিতরণ অনুষ্ঠান

গাংনীর ভোমরদাহ গ্রামে অনুষ্ঠিত হয়েছে গ্রামীণ খেলাধুলা। গ্রাম বাংলার বিলুপ্তি প্রায় খেলাধুলা নতুন প্রজন্মের কাছে তুলে ধরতে এবং শিশু কিশোরদের মোবাইল নির্ভর না হয়ে গ্রামীণ খেলাধুলায় মনযোগী করতে গ্রামীণ খেলার আয়োজন করে এলাকাবাসী। শনিবার বিকেলে ভোমরদাহ বিলপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত ক্রীড়া প্রতিযোগীতার আয়োজন করা হয়।

খেলা শেষে আলোচনা সভায় সভাপতিত্ব করেন বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি মোঃ গোলাম জাকারিয়া।

প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি তৌহিদুল ইসলাম। গ্রামবাংলার ঐতিহ্যবহন করে এমন ১০টি খেলা অনুষ্ঠিত হয়। খেলা শেষে বিজয়ীদের মাঝে পুরুস্কার তুলেদেন প্রধান অতিথি।

এলাকার কয়েক হাজার বিভিন্ন বয়সের খেলা প্রিয় মানুষ খেলা উপভোগ করেন। এসময় স্থানীয় গন্যমান্য ব্যাক্তিবর্গ এসময় উপস্থিত ছিলেন।

গাংনীতে অপহরণের ৩০ ঘন্টা পর উদ্ধার, আটক-৩

মেহেরপুরের গাংনীতে অপহরণের ৩০ ঘন্টা পর অপহৃত উজ্জল হোসেনকে উদ্ধার করেছে পুলিশ।
বৃহস্পতিবার দিবাগত মধ্যে রাতে উপজেলার তেরাইল এলাকা থেকে তাকে উদ্ধার করা হয়। এ ঘটনায় অপহৃতের পিতা বাদী হয়ে গাংনী থানায় একটি অভিযোগ দায়ের করেছেন।

উজ্জল হোসেন তেঁতুলবাড়িয়া পশ্চিমপাড়া মাফিজুর রহমানের ছেলে। অপহরণের সাথে জড়িত সন্দেহে জিজ্ঞাসাবাদের জন্য গাংনী বাজারের

দিয়েছে মর্মে ১ লাখ ৮০ হাজার টাকা ক্ষতিপূরন চাইতেই তাকে মটরসাইকেল যোগে তুলে নেয়া হয়।

তেঁতুলবাড়িয়া বিজিবি ক্যাম্পের ইনচার্জ মহিউদ্দীন জানান, উজ্জলের মা বিজিবিকে জানিয়েছে কে বা কারা বাড়ি থেকে ডেকে নিয়ে গিছে। পরে শুনতে পেয়েছি উজ্জল অপহরন হওয়ার পর উদ্ধার হয়েছে। তিনি আরো জানান, সীমান্তে বিজিবি নিয়মিত টহল টিম রয়েছে। যারা বিভিন্ন সময়ে ফেন্সিডিল সহ মাদক উদ্ধার করে।

গাংনীতে দু’টি ফিলিং স্টেশনে জরিমানা

মেহেরপুরের গাংনীতে দু’টি ফিলিং স্টেশনে অভিযান চালিয়ে দশ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

বুধবার দুপুরে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও গাংনী উপজেলা সহকারি কমিশনার (ভুমি) মোহাম্মদ নুর-ই আলম সিদ্দিকী।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানাগেছে, গাংনী উপজেলার পশ্চিম মালশাদাহ এলাকার মেসার্স হোসেন ফিলিং স্টেশনের ম্যানেজার রিপন আলীকে ৫ হাজার টাকা ও গোপাল নগর গ্রামের হানিফ ফিলিং স্টেশনের ম্যানেজার আবুল কালামকে ৫ হাজার টাকা করে জরিমানা করা হয়।

জ্বালানী তৈল পরিমাপে কম দেয়ার অভিযোগ প্রমাণিত হওয়ায় ওজন পরিমাপ আইন ২০১৮ অনুযায়ী তাদের জরিমানা আদায় করা হয়েছে। বিএসটিআই খুলনা আঞ্চলিক পরিদর্শক রঞ্জিত কুমার মল্লিক, গাংনী থানা পুলিশের একটি টিম এসময় উপস্থিত ছিলেন।

গাংনীর বিভিন্ন দোকানে তামাক কোম্পানীর অফার

গাংনীতে বিভিন্ন দোকানে প্রচার করা হচ্ছে তামাক ও তামাকজাত পণ্যের। দোকানে দোকানে সাঁটানো হচ্ছে প্রচারণার লিফলেট ও হ্যান্ডবিল। তামাক ব্যবহারকারিদের দেয়া হচ্ছে বিভিন্ন ধরনের উপঢৌকন।

তামাকজাত দ্রব্যের প্রচারণার ক্ষেত্রে বিভিন্ন এনজিও সতর্কতামূলক লিফলেট, হ্যান্ডবিল ও সভা-সেমিনার অব্যাহত রাখলেও বিভিন্ন কোম্পানী কৌশলে এ প্রচার প্রচারণা চালিয়ে জনগণকে উদ্বুদ্ধ করছে।

ফলে সরকারের নানাবিধ পদক্ষেপ কোনো কাজে আসছেনা। কার্যকর তামাক নিয়ন্ত্রণে তামাকজাত দ্রব্যের উপর কর বৃদ্ধি করা হলে তামাকজাত দ্রব্যের ব্যবহার কমে আসবে বলে মন্তব্য করেন অনেকে।

তবে তামাক নিয়ন্ত্রণ সংগঠন এবং রাষ্ট্রের কল্যাণ প্রত্যাশী নীতি নির্ধারক ও জনপ্রতিনিধীরা তামাকজত দ্রব্যের উপর কর বৃদ্ধির দাবী জানিয়ে আসলেও প্রতিবছর তামাক কোম্পানীগুলো তামাকজাত দ্রব্যের উপর কর বৃদ্ধি প্রক্রিয়াকে বাধাগ্রস্ত করতে গ্রহণ করে নানা কৌশল।

বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী ২০৪০ সালের মধ্যে বাংলাদেশে তামাকের ব্যবহার কমিয়ে আনতে সহজ ও শক্তিশালী একটি কর নীতি প্রণয়নের প্রত্যয় ব্যক্ত করেছেন। সে লক্ষ্যে মেহেরপুরের গাংনী উপজেলায় সরকারি পদক্ষেপ বাস্তবায়ন করতে মাঠ পর্যায়ে কাজ করছে শানঘাট পল্লী উন্নয়ন সংস্থা ও আশ্রয় সমাজ কল্যাণ সংস্থা।

তামাকজাত দ্রব্যের ব্যবহারের কুফল সম্পর্কিত প্রচার প্রচারণাসহ সভা-সেমিনার অব্যাহত রেখেছে। তবে তামাকজাত দ্রব্যের নিয়ন্ত্রণ বিষয়ে যে আইন রয়েছে তা ঠিক ভাবে বাস্তবায়ন করা হলে তামাকজাত দ্রব্যের ব্যবহার কমবে বলে জানান, শানঘাট পল্লী উন্নয়ন সংস্থার নির্বাহী মহিবুল ইসলাম।

আশ্রয় সমাজ উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক তৌহিদ উদ দৌলা রেজা বলেন, বিভিন্ন তামাক কোম্পনীর মিথ্যা তথ্যের কারণে শুল্ক

বৃদ্ধি বাধাগ্রস্থ হচ্ছে। শুল্ক বৃদ্ধি করা হলে এবং আইনের কিছুটা প্রয়োগ হলে তামাকজাত দ্রব্যের ব্যবহার নিয়ন্ত্রণে আসবে।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা রিয়াজুল আলম বলেন, তামাক ব্যবহারের ফলে ফুসফুসে ক্যানসারসহ নানা রোগে মানুষ মারা যাচ্ছে, সেই সাথে শ্বাসকষ্টজনীত রোগীর সংখ্যা দিনদিন বাড়ছে। তামাকজাত দ্রব্যের আইন প্রয়োগ জোরদার করা হলে ব্যবহার কমবে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ বলেন, যে সকল দোকানে তামাকজাত দ্রব্যের প্রচারণার উদ্দেশ্যে লিফলেট বা পোস্টার লাগানো হয়েছে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে এবং সরকারি নীতি অনুযায়ী কোম্পানীর বিরুদ্ধেও যথাযথ ব্যবস্থা নেয়া হবে।

গাংনীতে ইট বহনকারী দ্রতগতির ট্রলি নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কা, আহত ২

গাংনীতে দোয়েল ইট ভাটার ইট বহনকারী দ্রতগতির ট্রলি নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কা লেগে চালকসহ দুইজন আহত হয়েছেন।

আহতরা হলেন ধানখোলা গ্ৰামের শাকিরুলের ছেলে বিক্রম (২২) ও সাহারুলের ছেলে মাইদুল ইসলাম (২০)। আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেছেন স্থানীয় লোকজন।

মংগলবার বিকেলে গাংনী উপজেলার ভাটপাড়া ইকো পার্কের সামনে এঘটনা ঘটে।

স্থানীয়রা জানান,ইট বোঝাই দোয়েল ভাটার একটি ট্রলি ইট নিয়ে নপাড়া আনলোড করে দ্রত গতিতে গাংনীর দিকে যাচ্ছিল। ট্রলি টি ভাটপাড়া ইকো পার্কের সামনে আসলে নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কা লেগে চালকসহ দুইজন আহত হন। এসময় ট্রলি টি দুমড়ে মুচড়ে যায়।

গাংনী থানার অফিসার ইনচার্জ বজলুর রহমান বলেছেন, দুর্ঘটনার কথা শুনে ঘটনা স্থলে পুলিশ পাঠানো হয়েছে।

গাংনী পৌর নির্বাচন:: নৌকা পেলেন আহম্মেদ আলী, ধানের শীষ আসাদুজ্জামান বাবলু

মেহেরপুরের গাংনী পৌরসভা নির্বাচন আগামি ১৬ জানুয়ারি। নির্বাচনে ক্ষমতাসীন আওয়ামী লীগ ও বিএনপি তাদের দলীয় প্রার্থী মনোনয়ন দিয়েছে। আওয়ামী লীগ মনোনয়ন পেয়েছেন সাবেক মেয়র আহম্মেদ আলী এবং বিএনপিতে মনোনয়ন পেযেছেন গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু।
আজ শুক্রবার আওয়ামী লীগ ও বিএনপির মনোনয়ন বোর্ড পৃথকভাবে তাদের মনোনয়নের বিষয়টি নিশ্চিত করেছেন।

গাংনীতে দোকানের টিন কেটে ৩ লাখ টাকা চুরি

গাংনী হাসপাতাল বাজারের মমতা কম্পিউটার নামের একটি বিকাশের দোকানে টিন কেটে ৩ লাখ ১৫ হাজার টাকা চুরির ঘটনা ঘটেছে।

গতকাল ১৬ই ডিসেম্বর বুধবার দুপুর দুইটার দিকে চুরির ঘটনা ঘটেছে বলে জানান দোকান মালিক মজিবর রহমান।

দোকান মালিক তেরাইল গ্রামের মজিবর রহমান জানান, তিনি সকাল নয়টার দিকে ৩ লাখ ১৫ হাজার টাকার একটি ব্যাগ দোকানে রেখে বাড়ি চলে যান।

দুই টার দিকে পুনরায় দোকান খুলে দেখেন টাকা নেই। দোকান ঘরের পিছনের অংশের টিন কেটে চুরির ঘটনা ঘটে। পরে পুলিশ কে খবর দিলে গাংনী থানার অফিসার ইনচার্জ বজলুর রহমান ও ইন্সপেক্টর তদন্ত সাজেদুল ইসলাম ঘটনা স্থল পরিদর্শন করেন।

গাংনী থানার অফিসার ইনচার্জ বজলুর রহমান বলেন, বিষয়টি সম্পর্কে খোঁজ খবর নেয়া হচ্ছে। তদন্ত করে ব্যবস্থা নেয়া হবে।

গাংনীতে বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের কমিটি গঠন

বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের মেহেরপুরের গাংনী উপজেলা কমিটি গঠন ও আলোচনাসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার দুপুরে গাংনী মহিলা ডিগ্রী কলেজের হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, জেলা কমিটির আহবায়ক প্রফেসর হাসানুজামান মালেক। উপজেলা কমিটির আহবায়ক মহিলা ডিগ্রী কলেজের অধ্যক্ষ খোরশেদ আলীর সভাপতিত্বে ও গাংনী প্রেস ক্লাবের সভাপতি প্রভাষক রমজান আলীর পরিচালনায় বক্তব্য রাখেন, জেলা কমিটির সদস্যসচিব সাইদুর রহমান, জেলা আহবায়ক কমিটির সদস্য সিরাজুল ইসলাম, নুর জাহান বেগম, মকলেছুর রহমান খোকন, মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজের প্রভাষক মুরাদ হোসেন, আলমডাঙ্গা এসএম জোহা কলেজের সহকারী অধ্যাপক সালাউদ্দীন,

এছাড়াও উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম, বঙ্গবন্ধু শহীদ স্মৃতি পাঠাগারের সহ-সভাপতি ইয়াছিন রেজা, গাংনী সরকারি ডিগ্রী কলেজের প্রভাষক নাসির উদ্দীন, তেড়াইল-জোরপুকুরিয়া ডিগ্রী কলেজের প্রভাষক মাসুম উল হক মিন্টু, রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান, বিপিএন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক একেএম ওহিদুল ইসলাম আসাদ, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের জেলা আহবায়ক কমিটির সদস্য অশোক চন্দ্র বিশ^◌াস, আবুল কাশেম অনুরাগী, আজিজুল হক রানু, গাংনী প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাইটিভির জেলা প্রতিনিধি

মাহাবুব আলম ও সাংবাদিক তোফায়েল হোসেন প্রমুখ।

এসময় উপজেলার বিভিন্ন কলেজের প্রভাষক, বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষকসহ সাস্কৃতিক ব্যক্তিত্ব, সামাজিক ব্যক্তিত্ব ও সুশীল সমাজের প্রতিনিধি বৃন্দ।

অনুষ্ঠান শেষে গাংনী মহিলা ডিগ্রী কলেজের অধ্যক্ষ খোরশেদ আলমকে বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের আহবায়ক ও প্রভাষক ও উপজেলা যুব লীগের সাধারণ সম্পাদক শফি কামাল পলাশকে যুগ্ম-আহবায়ক করে আগামী ১৬ ডিসেম্বরের মধ্যে পূর্ণাঙ্গ আহবায়ক কমিটির গঠনের নিদের্শনা দেওয়া হয়।

গাংনীর গাড়াবাড়িয়াতে ইসলামী ব্যাংকের এজেন্ট ব্যাংকিং উদ্বোধন

মেহেরপুরের গাংনীর গাড়াবাড়িয়া গ্রামে ইসলামী ব্যাংক এজেন্ট ব্যাংকিং এর উদ্বোধন করা হয়েছে। গতকাল রবিবার বিকালে ব্যাংকের সামনে এ উদ্বোধনী অনুষ্ঠান করা হয়।

গাড়াবাড়িয়া গ্রামের বিশিষ্ট ব্যবসায়ী হাজী শওকত আলীর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন ইসলামী ব্যাংকের মেহেরপুর শাখার এভিপি ও শাখা প্রধান জাহাঙ্গীর আলম। বিশেষ অতিথি ছিলেন কৃষি ব্যাংক ম্যানেজার আনোয়ার হোসেন, কাথুলী ইউনিয়ন আওয়ামী লীগ সভাপতি গোলজার হোসেন।

এ সময় বক্তব্য রাখেন কাথুলী ইউনিয়ন দুই নম্বর ওয়ার্ডের মেম্বর মহব্বত আলী, কুতুবপুর মাধ্যমিক বিদ্যালয় এন্ড কলেজ শিক্ষক রেজাউর রহমান, কাথুলী ইউনিয়ন তাঁতী লীগ সভাপতি শিপন মিয়া, গাড়াবাড়িয়া বাজার কমিটি সভাপতি কুতুবউদ্দিন, এজেন্ট মেসার্স আলী এন্টারপ্রাইজ সত্ত্বাধিকারী আব্দুর রহিম।

ইসলামী ব্যাংকের জেলা শাখা অফিসার মইনুল আহমেদ স্বাগত বক্তব্য

রাখেন। ব্যাংকের সুযোগ সুবিধা বিষয়ে বিস্তারিত ধারণা ও ব্যাংকের লগো ফিতা কেটে উদ্বোধন ঘোষণা করেন ইসলামী ব্যাংকের মেহেরপুর শাখার এভিপি ও শাখা প্রধান জাহাঙ্গীর আলম।

পরে বিশেষ মোনাজাত পরিচালনা করেন গাড়াবাড়িয়া দারুচ্ছালাম জামে মসজিদের পেশ ঈমাম হাফেজ সাইদুল ইসলাম।

পদ্মা সেতু দৃশ্যমান হওয়ায় গাংনী উপজেলা ছাত্রলীগের আনন্দ শোভাযাত্রা

পদ্মা সেতুর স্প্যান বসানো সম্পূর্ণ ও সেতু দৃশ্যমান হওয়ায় মেহেরপুরের গাংনী উপজেলা ছাত্রলীগের উদ্দ্যোগে আনন্দ শোভাযাত্রা ও ছাত্রলীগ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকেলে গাংনী বাজারের শহীদ রেজাউল চত্বরে এ অনুষ্ঠান হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সামাদ বাধন। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মুনতাসির জামান মৃদুল।

উপজেলা ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টুর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিকের পরিচালনায় বিশেষ অতিথি ছিলেন, গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ফয়সাল জাহান শিশির, পৌর ছাত্রলীগের সভাপতি ডালিম রানা, সাধারণ সম্পাদক নাসিরুল ইসলাম মোহন, জেলা ছাত্রলীগের সহ-সভাপতি শাহজাহান আলী, মেহেরপুর সরকারী কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক একে কুতুব ।

এসময় উপজেলা ছাত্রলীগের বিভিন্ন ইউনিট ছাত্রলীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এর আগে একটি মোটরসাইকেল শোভাযাত্রা বের হয়ে উপজেলার বিভিন্ন এলাকা প্রদক্ষিণ শেষে গাংনী বাজারে সমাবেশের মাধ্যমে শেষ হয়।